

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০০.৬৫০০.০১৭.২৭.০০১.১৭- ৯৩২

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৮
১৫ ফেব্রুয়ারি, ২০২২

বিষয় : নড়াইল জেলার সদর উপজেলার তুলারামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: বুলবুল আহমেদ এর
বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।

সূত্র: দুর্নীতি দমন কমিশন এর স্মারক নং-৩৭২৫, তারিখ: ২৪/০১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, নড়াইল জেলার সদর উপজেলার তুলারামপুর ইউনিয়ন পরিষদের
চেয়ারম্যান জনাব মো: বুলবুল আহমেদ এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(মো: আকবর হোসেন)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক

নড়াইল।

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে)।

- ১। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।



দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

২৬৮ “সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.২৮০.২১-৬৭২০

তারিখ: ২৪/২/২২

বিষয়: অভিযোগ প্রেরণ { কমিশনের ক্রমিক নং-১২, তারিখ:- ২৯/০৬/২০২১(১ম অংশ) প্রি: }।

উপর্যুক্ত বিষয়ে প্রাপ্ত অভিযোগটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপর সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুসারে অভিযোগের ছায়ালিপি বিধিমাতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সংলগ্নীসহ অভিযোগের ছায়ালিপি ০৮(আট) পাতা।

সাদ্দিদ মাহবুব খান
মহাপরিচালক (বিশেষ তদন্ত)
ও
আস্বায়ক (যাচাই বাছাই কমিটি)
ফোন: ০২-৪৯৩৫৪৪১৫

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরী নং ৬৮১২ তারিখ: ৬/২/২২
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইপ.....১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) অতিরিক্ত সচিব (পারিকল্পনা)	৪) নগর পরিষদ (পাস)
৫) অতিরিক্ত সচিব (পারিকল্পনা)	৫) উন্নয়ন পরিষদ
৬) অতিরিক্ত সচিব (পারিকল্পনা)	৬) স্থানীয় সরকার
৭) অতিরিক্ত সচিব (পারিকল্পনা)	৭) স্থানীয় সরকার
৮) অতিরিক্ত সচিব (পারিকল্পনা)	৮) স্থানীয় সরকার
ডায়েরী নং ৬৮১২ তারিখ: ২/২/২২	

২৩/৬

Narail

সবার কথা বলে

News24.com

নড়াইলে গাছ খেঁকো ইউপি চেয়ারম্যান!



স্টাফ রিপোর্টার:

নড়াইল সদর উপজেলার তুলারামপুর ইউনিয়নের তুলারামপুর-মাইজপাড়া সড়কের দু'পাশে সামাজিক বনায়নের মূল্যবান গাছ কেটে উজাড় করার অভিযোগ উঠেছে তুলারামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে এ যেন গাছ খেঁকো ইউপি চেয়ারম্যান!

বন বিভাগ ও স্থানীয় প্রশাসনের ছত্রছায়ায় একটি চক্র এই বন উজাড়ে জড়িত বলে অভিযোগ করছেন সামাজিক বনায়নের সদস্যরা। একে একে সামাজিক বনায়নের গাছ কেটে নেওয়ায় লভ্যাংশ পাওয়া নিয়ে সংশয়ে আছেন সামাজিক বনায়নের উপকারভোগীরা। সম্প্রতি তুলারামপুর ইউনিয়নের সামাজিক বনায়নের এলাকা ঘুরে ও স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে এ চিত্র পাওয়া গেছে।

জানা গেছে, প্রায়ই নিয়মিতভাবে সামাজিক বনায়নের গাছ কেটে ধ্বংস করা হচ্ছে। রাতের আঁধারে বেশ কয়েকটি চক্র সংঘবদ্ধ হয়ে সামাজিক বনায়নের গাছগুলো কেটে ফেলছে। কখনো গভীর রাতে আবার কখনো কোটি কোটি টাকার গাছ নাম মাত্র মূল্যে কেনা হচ্ছে। সড়কের পাশ ও খালের পাশসহ বিভিন্ন জায়গা থেকে সামাজিক বনায়নের নানান জাতের শত শত গাছ কেটে নিয়ে গেছে চোর চক্র। সাক্ষী হয়ে এখনো দাঁড়িয়ে রয়েছে কেটে নেওয়া গাছের অবশিষ্ট গোড়া।

সরেজমিন গিয়ে জানা গেছে, নড়াইল-যশোর সড়কের পাশে তুলারামপুর-মাইজপাড়া ১০ কিলোমিটার জেলা সড়ক। সড়কটি বর্তমানে সড়ক ও জনপথ বিভাগের আওতায় হলেও এর পূর্ববর্তী মালিকানা ছিল এলজিইডি। নড়াইল-যশোর সড়কের তুলারামপুর ইউপি অংশের সাড়ে ৫ কি.মি. সড়কের সরকারী খাস জমির ওপর লাগানো ১ হাজার গাছের অধিকাংশই নিজেদের ইচ্ছামতো কেটে নিয়ে গেছেন সংঘবদ্ধ চক্রটি। সর্বশেষ ৩৭১ টি পুরনো বড় গাছের একটি কতিখ টেন্ডার তৈরী করে তা কাটা শুরু হয়েছে।

